

ক্রোড়পত্র 'ক'

শিরোনাম : ২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের

আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য ও অগ্রগতির তথ্য প্রেরণ।

পত্র নং ২৩.২৭.০০০০.২২১.৬৮.০০১.০৪.০৮.০২.২০২১



তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২১।

বিওএফ-এ ২০০৯ হতে ২০২০ সাল পর্যন্ত সাফল্য ও অগ্রগতি

১. ২০০৯ সাল হতে ২০২০ সাল পর্যন্ত বিওএফ কর্তৃক বিভিন্ন প্রকার উন্নয়নমূলক কাজের সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ সেনাবাহিনীকে আধুনিকীকরণ করার লক্ষ্যে বিওএফ আরএন্ডডি শাখার মাধ্যমে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লিখিত সময়ে নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে বিওএফ-এ উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে :

- 7.62 mm LMG BD-20.
- 26 mm Signal Pistol BD-20.
- 60 mm Mortar BD-20.
- Bomb ML82 mm Mortar HE BD-20.
- POT Smoke 03 Kg BD-20.
- Picatinny Rail & Rail Base.
- Double Layer Vacuum Sealed Polymer Bag for Small Arms Ammo packing (440 rds in each bag).
- Detonator Tube for Grenade.

২. ৭.৬২ মিমি এলএমজি বিডি-২০ : বিওএফ ২০০৯ সালে এলএমজির উন্নয়নমূলক উৎপাদন কার্যক্রম শুরু করে এবং ০২টি উৎপাদন করতঃ সেনাসদরের অনুমোদনের জন্য প্রদর্শন করে। ২০১৫ সালে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে বিওএফ এলএমজি কে এলএমজি বিডি-১৫ হিসাবে তৈরী করবে। এ পর্যন্ত বিওএফ ১০০০টির বেশি এলএমজি বিডি-১৫ উৎপাদন করেছে। এলএমজি বিডি-১৫ উৎপাদন ছাড়াও সম্প্রতি বিওএফ এলএমজি গেজগুলিও বিকাশের জন্য প্রকল্প গ্রহণ করেছে।




৭.৬২ মিমি এলএমজি বিডি -২০

৩. ২৬ মিঃসিঃ সিগন্যাল পিস্তল বিডি - ২০ : সেনাসদরের সিদ্ধান্ত অনুযায়ী বিওএফ বিএসপি-১১ নামে পরিচিত ২৬ মিঃসিঃ সিগন্যাল পিস্তলের উৎপাদন কার্যক্রম গ্রহন করে। ২৬ মিঃসিঃ সিগন্যাল পিস্তল সঠিকভাবে উৎপাদন করতে প্রায় দশ (১০) বছর সময় ব্যয় হয়। এখন পর্যন্ত বিওএফ বাংলাদেশ সেনাবাহিনীর জন্য প্রায় ১০০টি ২৬ মিঃসিঃ সিগন্যাল পিস্তল বিডি-২০ তৈরী করেছে।




২৬ মিঃসিঃ সিগন্যাল পিস্তল বিডি - ২০

৪. ৬০ মিঃসিঃ মর্টার বিডি -২০ : ২০১৪ সালে বিওএফ ৬০ মিঃসিঃ মর্টার গান উৎপাদনের প্রকল্প গ্রহন করেছিল। ২০১৪ এবং ২০১৫ সালে কয়েকটি ৬০ মিঃসিঃ মর্টার গান উৎপাদন করতঃ টেস্ট ফায়ার সম্পন্ন করেছে যার ফলাফল সন্তোষজনক ছিল। ফলস্বরূপ সেনাসদর কর্তৃক ২০১৬-২০১৭ আর্থিক সালে ১,০৪৭ টি ৬০ মিঃসিঃ মর্টার (বিওএফ ২৬-১) উৎপাদনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল। এ পর্যন্ত বিওএফ বাংলাদেশ সেনাবাহিনীর জন্য ৫৫ টি ৬০ মিঃসিঃ মর্টার গান উৎপাদন করেছে।



৬০ মিঃসিঃ মর্টার বিডি -২০

৫. বোম্ব এমএল ৮২ মিঃসিঃ মর্টার এইচই বিডি-২০ : ২০১৩ সালে বিওএফ ৮২ মিঃসিঃ মর্টার বোম্ব তৈরীর কার্যক্রম গ্রহণ করেছিল। ২০১৪-২০১৫ সালে কয়েকটি ৮২ মিঃসিঃ মর্টার বোম্ব তৈরী করেছিল এবং টেস্ট ফায়ার সম্পন্ন করেছিল। প্রতিটি টেস্ট ফায়ার সন্তোষজনক বলে প্রমাণিত হয়েছিল। ২০১৮ সালে বিওএফ বাংলাদেশ সেনাবাহিনীর জন্য ৮,০০০ টি বোম্ব এমএল ৮২ মিঃসিঃ মর্টার এইচই বিডি-২০ উৎপাদন করেছে।



বোম্ব এমএল ৮২ মিঃসিঃ মর্টার এইচই বিডি-২০

৬. পট স্মোক ০৩ কেজি বিডি-২০ : উন্নয়নমূলকভাবে পট স্মোক তৈরী করার পর সেনাসদরের উর্দ্ধতন কর্মকর্তাদের উপস্থিতিতে টেস্ট সম্পন্ন করা হয় এবং ফলাফল সন্তোষজনক পাওয়া যায়। বর্তমানে উৎপাদন প্রক্রিয়া চলছে। ১০টি পট স্মোক ০৩ কেজি বিডি-২০ প্রস্তুত করে প্রশিক্ষণের জন্য বাংলাদেশ সেনাবাহিনীকে সরবরাহ করা হয়েছে।

৭. পিকাটিনি রেইল এবং রেইল বেজ : ২০১৮ সালে সেনাসদর বিওএফ কে পিকাটিনি রেইল এবং রেইল বেজ উৎপাদনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য নির্দেশ প্রদান করেছিল। বিওএফ কয়েকটি পিকাটিনি রেইল এবং রেইল বেজ তৈরী করে ২০১৮-২০১৯ সালে টেস্ট ফায়ার করেছে, যার ফলাফল সন্তোষজনক ছিল। ফেব্রুয়ারি'২১ পর্যন্ত বিওএফ ৭২০ টি পিকাটিনি রেইল এবং রেইল বেজ উৎপাদন করতঃ রাইফেল বিডি-০৮ -এ সংযোজন করে সেনাবাহিনীকে সরবরাহ করেছে।

৮. ডাবল লেয়ার ভ্যাকুয়াম সিল্ড পলিমার ব্যাগ : সেনাসদর ২০১৯ সালে কার্তুজ প্যাকিংয়ের জন্য ১০,০০০ টি ডাবল লেয়ার ভ্যাকুয়াম সিল্ড পলিমার ব্যাগ তৈরীর নির্দেশ প্রদান করে। বিওএফ ১০,০০০ টি ডাবল লেয়ার ভ্যাকুয়াম সিল্ড পলিমার ব্যাগ উৎপাদন করেছে এবং টেস্ট এর জন্য কার্তুজ প্যাকিং করে সেনাবাহিনীর বিভিন্ন ফরমেশনে প্রেরণ করেছে।

৯. স্নেনেডের জন্য ডেটোনেটর টিউব : বিওএফ ২০১৮ সালে উন্নয়নমূলকভাবে ডেটোনেটর উৎপাদনের কার্যক্রম শুরু করে। ২০১৯ সালে প্রাকটিস ডেটোনেটর (নীল) ও কিছু সংখ্যক লাইভ ডেটোনেটর উৎপাদন করতঃ টেস্ট ফায়ার সম্পন্ন করে যার ফলাফল সন্তোষজনক। সেনাসদরের সিদ্ধান্তের প্রেক্ষিতে বিওএফ ৪৪,০০০টি প্রাকটিস ডেটোনেটর তৈরী করে বাংলাদেশ সেনাবাহিনীকে সরবরাহ করে।